

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জাতীয় সমাজসেবা একাডেমি
 সমাজসেবা অধিদফতর
 ই-৮/বি-১, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
 ওয়েব সাইট : www.dss.gov.bd

নম্বর : ৪১.০১.০০০০.০১৮.২২.০০১.১৭. ৭২

তারিখ: ২০ আগস্ট ২০২২
 ২৩ হ্যায়ারিল ২০১৭

পরিপত্র

বিষয় : জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক গবেষণা পরিচালনা।

সমাজকল্যাণ মন্ত্রণালয় এর অধীন সমাজসেবা অধিদফতরের জাতীয় সমাজসেবা একাডেমি একটি জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ একাডেমি। গবেষণার আলোকে রাষ্ট্রিয় চাহিদা অনুসারে কার্যকর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ, যোগ্য, সক্ষম, উদ্যোগী প্রতিশ্রুতিবদ্ধ পেশাজীবী সমাজকর্মী গড়ে তোলার অভিলক্ষ্য নিয়ে জাতীয় সমাজসেবা একাডেমি কাজ করে যাচ্ছে। জাতীয় সমাজসেবা একাডেমির গবেষণা কার্যক্রম এ পরিপত্র অনুসারে পরিচালিত হবে।

ক. গবেষণা কাজের উদ্দেশ্যসমূহ :

- ক.১. একাডেমি'র প্রশিক্ষণ কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত কর্মকর্তা ও বিশেষ যোগ্যতাসম্পর্ক কর্মচারীদের পেশাদারিত্বের উন্নয়নের লক্ষ্যে একাডেমি'র কর্মকর্তা-কর্মচারীদের গবেষণা / প্রযোগিক গবেষণা কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহিত করা;
- ক. একাডেমি পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমকে সহায়তা প্রদানের জন্য গবেষণা করা;
- খ. দেশের সার্বিক উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার উপর গবেষণা কার্যক্রম পরিচালনা;
- গ. সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রমের মূল্যায়ন ও উন্নয়ন সংক্রান্ত;
- ঘ. দেশীয় / আন্তর্জাতিক সংস্থার অনুরোধে / প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশেনায় যে কোন বিষয়ে গবেষণা পরিচালনা।

খ. গবেষণা কার্যক্রম ব্যবস্থাপনা:

খ.১. গবেষণা কমিটি কাঠামো:

পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর	সভাপতি
অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি	সদস্য-সচিব
মহাপরিচালক কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ ০১ জন	সদস্য
উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা	সদস্য
উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা	সদস্য
গবেষণা কর্মকর্তা (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা) ০১জন	সদস্য
পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর কর্তৃক মনোনীত	
গবেষণা কর্মকর্তা (একাডেমি'র প্রত্যাষক বা তদুর্ধৰ কর্মকর্তা) ০১ জন	সদস্য
অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক মনোনীত	

উল্লেখ্য যে, একজন কর্মকর্তা এক অর্থবছরে ০২ টির বেশী গবেষণা কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট হতে পারবেন না।

খ.২. গবেষণা কমিটির কার্যপরিধি:

- খ.২.১. একাডেমির সকল গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও সুপারিশ প্রদান;
- খ.২.২. গবেষণা প্রতিবেদন প্রকাশনা সম্পর্কে অভিমত প্রদান;
- খ.২.৩ গবেষণা কাজের অগ্রগতি পর্যালোচনা।

খ.৩. গবেষণা কার্যক্রম অনুমোদন ও বাস্তবায়ন:

- খ.৩.১. গবেষণা কমিটির সুপারিশকৃত গবেষণা প্রস্তাবসমূহ মহাপরিচালক অনুমোদন দিবেন ও প্রতিটি গবেষণা কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত গবেষণা কমিটির সাথে সময়সূচীর জন্য একজন করে কর্মকর্তা (প্রভাষক বা তদৰ্থ কর্মকর্তা) অধ্যক্ষ জাতীয় সমাজসেবা একাডেমি মনোনয়ন প্রদান করবেন, সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মকর্তা বৃন্দ একাডেমির গবেষণা কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।
- খ.৩.২. গবেষণা কমিটির সুপারিশক্রমে মহাপরিচালক অনুমোদিত গবেষণাসমূহের বাস্তবায়ন, তত্ত্বাবধায়ন ও সমন্বয় মনোনীত গবেষণা কর্মকর্তা করবেন।
- খ.৩.৩. গবেষণা কর্মকর্তার সুপারিশক্রমে অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি অর্থ ছাড় করবেন।
- খ.৩.৪. মহাপরিচালক গবেষণা প্রতিবেদন প্রকাশনা সম্পর্কে কমিটির অভিমত অনুসারে প্রয়োজনীয় সিদ্ধান্ত নিবেন।

খ.৪. গবেষণা কার্যক্রমের ধরণ:

- অনুমোদিত বাজেট অনুসারে দুই ধরণের গবেষণা কার্যক্রম পরিচালিত হবে:
- খ.৪.১. ছোট পরিসরে গবেষণা : ০১ (এক) লক্ষ টাকা বাজেট সম্পর্ক গবেষণা।
 - খ.৪.২. বড় পরিসরে গবেষণা : ০২ (দুই) লক্ষ টাকা বাজেট সম্পর্ক গবেষণা।

এখানে উল্লেখ্য যে, মহাপরিচালক সমাজসেবা অধিদফতর প্রয়োজন অনুসারে ছোট ও বড় গবেষণার বাজেট সীমা কম বা বেশী নির্ধারণ করতে পারবেন।

খ.৫. গবেষণা কার্যক্রম মূল্যায়ন :

গবেষণা কাজ পরিচালনার জন্য মহাপরিচালক সমাজসেবা অধিদফতর এর অনুমোদনক্রমে অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি তাঁর উপাধ্যক্ষ/প্রভাষকবৃন্দের মধ্য থেকে গবেষণা কর্মকর্তা হিসেবে নিয়োজিত করবেন। প্রতিটি ছোট গবেষণার জন্য ০১ জন এবং বড় গবেষণার জন্য ০২ জন গবেষণা কর্মকর্তা (০২ জনের মধ্যে ০১ জন মুখ্য কর্মকর্তা) নিয়োজিত হবেন। গবেষণা কমিটি কর্তৃক গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন করবেন এবং মহাপরিচালক সমাজসেবা অধিদফতর এর অনুমোদনক্রমে অধ্যক্ষ জাতীয় সমাজসেবা একাডেমি গবেষক-কে আদেশ জারী করবেন।

খ.৬. গবেষণা প্রস্তাবের বিষয়সমূহ :

১. ভূমিকা / গবেষণা সমস্যা
২. গবেষণার যৌক্তিকতা
৩. গবেষণার উদ্দেশ্য
৪. গবেষণার পরিধি
৫. গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ)
৬. বিশ্লেষণ / উপাত্ত উপস্থাপন পরিকল্পনা
৭. গবেষণা প্রকল্পে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ
৮. কর্মপরিকল্পনা / সময়সীমা
৯. বাজেট
১০. গবেষণা প্রকল্পের পরিচালক এর জীবন বৃত্তান্ত।

খ.৭. গবেষণা প্রকল্প নির্বাচন ও অনুমোদন প্রক্রিয়া :

১. গবেষণা কমিটির সদস্য সচিব কর্তৃক গবেষণা প্রস্তাব আহবান : অঞ্চলিক / জানুয়ারি
২. প্রাপ্ত গবেষণা প্রস্তাব উপস্থাপন সেমিনার (একাডেমি ব্যয় বহন করবে) : নভেম্বর / ফেব্রুয়ারি
৩. সেমিনার হতে প্রাপ্ত মতামতের পরিপ্রেক্ষিতে গবেষণা কমিটি প্রস্তাব সমূহ যাচাই কাছাই করে অনুমোদনের জন্য সুপারিশ (প্রযোজ্য ক্ষেত্রে গবেষণা কমিটি অনুমোদনের জন্য সুপারিশকৃত গবেষণা প্রস্তাব (সমূহ) পরিমার্জনের জন্য সংশ্লিষ্ট গবেষক (গণ) কে পরামর্শ প্রদান) : ডিসেম্বর / মার্চ
৪. গবেষণা প্রকল্প / প্রকল্পসমূহের অনুমোদন ও এর অনুকূলে দণ্ডের আদেশ জারীকরণ : ডিসেম্বর / মার্চ
৫. অনুমোদিত গবেষণা প্রকল্প / প্রকল্পসমূহের অনুকূলে ১ম কিস্তির অর্থ অধিম প্রদান : ডিসেম্বর / মার্চ

খ.৮. গবেষণা প্রকল্পের মেয়াদ:

১. গবেষণা প্রকল্পের মেয়াদ সাধারণত অর্থ' বছরের মধ্যেই সীমিত থাকবে।
২. বিশেষ ক্ষেত্রে মহাপরিচালক সমাজসেবা অধিদফতর গবেষণা কমিটির সুপারিশক্রমে প্রয়োজনবোধে বিধিমোতাবেক সময়সীমাবৃদ্ধি করতে পারবে।

খ.৯. গবেষণা প্রকল্প আরম্ভ:

গবেষণা প্রকল্প পরিচালক বরাবরে জারীকৃত দণ্ডের আদেশের তারিখ হতে প্রকল্পের আরম্ভ গণনা করা হবে।

খ.১০. গবেষণা প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা:

প্রতিটি গবেষণা প্রকল্পের গবেষক / প্রকল্প পরিচালক প্রতিমাসের ১ম সপ্তাহে গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত নির্ধারিত ছকে জাতীয় সমাজসেবা একাডেমি'র নিয়োজিত সংশ্লিষ্ট গবেষণা কর্মকর্তা বরাবরে প্রেরণ করবেন। নিয়োজিত গবেষণা কর্মকর্তা গবেষণা কমিটির মাসিক সভায় তা উপস্থাপন করবেন এবং চলমান প্রকল্প / প্রকল্পসমূহের অগ্রগতি উক্ত সভায় আলোচনা করা হবে।

খ.১১. সেমিনারে খসড়া প্রতিবেদন উপস্থাপন:

প্রতিটি গবেষণার খসড়া প্রতিবেদন একাডেমি'র অনুষদ সেমিনারে উপস্থাপন করা হবে। গবেষণা কমিটিতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট গবেষক প্রতিবেদনের ১০ (দশ) কপি গবেষণা এবং ০৫ (পাঁচ) কপি প্রশিক্ষণ সেলে দাখিল করবেন। পরিমার্জিত গবেষণা প্রতিবেদন লাইব্রেরীতে সংরক্ষণ করা হবে।

খ.১২. গবেষণা প্রতিবেদন অনুমোদন :

গবেষণা কমিটি কর্তৃক প্রতিটি গবেষণার প্রতিবেদন মূল্যায়নের জন্য একটি করে মূল্যায়ন উপকমিটি গঠন করবে। গবেষণায় নিয়োজিত একাডেমির কর্মকর্তা (সংশ্লিষ্ট গবেষণার গবেষণা কর্মকর্তা) মূল্যায়ন কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন। প্রতিটি গবেষণার সংশ্লিষ্ট মূল্যায়ন উপকমিটির মতামতের ভিত্তিতে গবেষণা কমিটি কর্তৃক গবেষণা প্রতিবেদন অনুমোদিত হবে।

খ.১৩. গবেষণা প্রতিবেদনের স্বত্ত্ব :

একাডেমি পরিচালিত সকল গবেষণা প্রতিবেদনের স্বত্ত্ব একাডেমির নিকট ন্যস্ত থাকবে। তবে গবেষক একাডেমি'র অনুমতি সাপেক্ষে তা একাডেমি'র বাহিরে অন্য কোথাও প্রকাশনার ব্যবস্থা করতে পারবেন।

খ.১৪. গবেষণা তথ্য প্রচার :

গবেষণা তথ্যের যথাযথ প্রয়োগ নিশ্চিত করণে গবেষণালক্ষ তথ্য বিভিন্ন মাধ্যমে প্রচার করা হবে। যেমন : সেমিনার ও ওয়ার্কসপ, প্রতিষ্ঠানিক যোগাযোগ, প্রশিক্ষণ, ওয়েব সাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ইত্যাদি।

গবেষণা পরিচালক / গবেষক ও সহ-গবেষকের যোগ্যতা এবং অন্যান্য শর্তাবলী :

গ.১. গবেষণা পরিচালক / গবেষক ও সহ-গবেষকের যোগ্যতা :

- গ.১.১. একাডেমির প্রশিক্ষণের সাথে সম্পর্কিত যে কোন কর্মকর্তা ও বিশেষযোগ্যতা সম্পন্ন কর্মকর্তা গবেষক বা সহ-গবেষক হতে পারবেন।
- গ.১.২. যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন একাডেমি বর্হিত যে কোন প্রতিষ্ঠান বা ব্যক্তিকে বিশেষ ক্ষেত্রে গবেষনা পরিচালনায় সম্পৃক্ত করা যাবে।
- গ.১.৩. ছোট গবেষণায় কোন সহ-গবেষক থাকবে না।

গ.২. একাডেমি / সমাজসেবা অধিদফতরের কর্মকর্তাদের ক্ষেত্রে আয়োগিত শর্ত :

- গ.২.১ একাডেমির / সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা বৃন্দ একটি অর্থ' বছরে সর্বাধিক ০২টি গবেষণায় গবেষক হিসেবে নিয়োজিত হতে পারবেন।

- গ.২.২. গবেষক হিসেবে নিয়োজিত কর্মকর্তা বৃন্দের গবেষণা কর্মের জন্য ভ্রমণকালকে দাওয়ারিক কাজে কর্মরত হিসেবে গণ্য করা হবে। তবে এক্ষেত্রে উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ভাতা বা ব্যয় গবেষণার বাজেট হতে ব্যয় নির্বাহ করতে হবে।

- গ.২.৩. গবেষণা প্রকল্পের মনিটরিং কাজে নিয়োজিত একাডেমির মনোনীত গবেষণা কর্মকর্তা দাওয়ারিক ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন তবে গবেষণা প্রকল্প হতে প্রকল্প চলাকালীন সময় একাডেমির গবেষণা বাজেট হতে মাসিক ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

ঘ. গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা:

ঘ.১. তহবিলের উৎস :

- ঘ.১.১ একাডেমির রাজস্ব ও উন্নয়ন বাজেটের গবেষণা উপ-খাতে বরাদ্দকৃত অর্থ'

- ঘ.১.২ দেশী ও বিদেশী সংস্থা কর্তৃক একাডেমির গবেষণা পরিচালনার জন্য অর্থ।

ঘ.২. একাডেমির গবেষণা তহবিল বিভাজন

ঘ.২.১. একাডেমির গবেষণা কাজের প্রাপ্ত রাজস্ব তহবিলের ২০% (সেমিনার / ওয়ার্কসপ / গবেষণা কর্মকর্তার সম্মানী / গবেষণা সংশ্লিষ্ট বিবিধ ব্যয়)

ঘ.২.২. অবিশিষ্ট ৮০% গবেষণা কাজে গবেষক / প্রকল্প পরিচালক বরাবরে ন্যস্ত হবে।

ঘ.৩. গবেষণা পরিচালক / গবেষক ও সহ-গবেষকের সম্মানী:

ঘ.৩.১ প্রতিটি অনুমোদিত কার্যক্রমের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের ৩০% থেকে ৫০% প্রকল্প পরিচালক বা গবেষক/ সহ-গবেষক / সহযোগি সদস্যগণের সম্মানী হিসেবে প্রাপ্ত হবেন এবং ১০% থেকে ১৫% গবেষণা তত্ত্বাবধানকারী কর্মকর্তা সম্মানী হিসেবে প্রাপ্ত হবেন।

ঘ.৩.২ বিদেশী এবং একাডেমির রাজস্ব বা উন্নয়ন বাজেটের বর্তীত অর্থায়নে পরিচালিত গবেষণার ক্ষেত্রে অর্থ দাতাদের সাথে আলোচনা করে সম্মানীর পরিমাণ ও অন্যান্য বিষয় নির্ধারণ করা হবে।

ঘ.৪. প্রাপ্ত ফি এর ২০% সরকারি খাতে জমাদান :

ঘ.৪.১ এফ আর এস আরের বিধি ৯ (৯) অনুসারে গবেষকদের Remuneration সাধারণ রাজস্ব খাত হতে প্রদেয় বিধায় তা ফি নয় বরং সম্মানীর সংজ্ঞাভুক্ত। তাই প্রাপ্ত সম্মানী হতে কোন অর্থ সরকারী তহবিলে জমা দিতে হবে না। তবে একাডেমির রাজস্ব খাত ভিন্ন অন্য কোন উৎসের অর্থায়নে কোন গবেষণা পরিচালিত হলে তা ফি হিসেবে গণ্য হবে এবং প্রাপ্ত ফি এর ২০% সরকারি খাতে জমা দিতে হবে।

ঘ.৫. মূল্যায়নকারীদের সম্মানী :

ঘ.৫.১. গবেষণা প্রস্তাৱ প্রাথমিক মূল্যায়নের জন্য মূল্যায়নকারী সম্মানী বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হবেন এবং এ অর্থ গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

ঘ.৫.২. গবেষণা শেষে প্রতিটি গবেষণা প্রকল্পের চূড়ান্ত মূল্যায়নকারী সদস্যদের প্রত্যেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সম্মানী প্রাপ্ত হবেন।

ঘ.৬. গবেষণা প্রকল্পের বাজেট বিভাজন :

ঘ.৬.১ গবেষণা প্রকল্পের বাজেট বিভাজনে নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে:

১. গবেষক / প্রকল্প পরিচালকের সম্মানী
২. সহ-গবেষক এর সম্মানী
৩. মূল্যায়নকারীর সম্মানী (বড় গবেষণার ক্ষেত্রে প্রযোজ্য)
৪. গবেষণা সহায়তা ব্যয় (সহ-গবেষক, সহকারী সদস্যদের, অধ্যক্ষ কর্তৃক নিয়োজিত গবেষণা কর্মকর্তার সম্মানী, যাতায়াত ভাতা, খসড়া গবেষণা প্রতিবেদন সেমিনারে উপস্থাপনের ব্যয়, খসড়া এবং চূড়ান্ত প্রতিবেদন মুদ্রণ, প্রচ্ছদ ও বাধায়, স্টেশনারী ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, জ্বালানী তেল ক্রয় ইত্যাদি)
৫. খসড়া প্রতিবেদন বিবেচনার উদ্দেশ্যে আয়োজিত একাডেমি অনুষদ সেমিনারে সভাপতি, আলোচক ও র্যাপোর্টিয়ার প্রত্যেকে ১০০০/- (এক হাজার) টাকা হারে সম্মানী প্রাপ্ত হবেন যা সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পের বাজেট হতে প্রদান করা হবে।
৬. অনুমোদিত প্রকল্প বাজেটের আলোকে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক প্রকল্পের বাজেট বিভাজন(উপ-খাতসমূহ) নিয়োজিত গবেষণা কর্মকর্তা এর নিকট পেশ করবেন। প্রতিটি অনুমোদিত প্রকল্পের বাজেট বিভাজন গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত হবে।

ঘ.৭. গবেষণা কার্যক্রমে অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয় :

- ক) গবেষক-কে দাঙ্গারিক আদেশ প্রদানের পর গবেষণা কার্যক্রমের আউটলাইন ও কর্মপরিকল্পনা প্রাপ্তির পর বরাদ্দকৃত তহবিলের ১ম কিস্তির টাকা ছাড় করা যাবে। সম্পাদিত গবেষণা কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান হওয়া সাপেক্ষে ২য় কিস্তির টাকা ছাড় করতে হবে। গবেষণা প্রবন্ধ কর্মশালায় উপস্থাপন, কর্মশালার সুপারিশের ভিত্তিতে সংশোধন এবং External Evaluator এর অনুকূল মতামত প্রাপ্তির সাপেক্ষে সর্বশেষ কিস্তির অর্থ ছাড় করতে হবে। পূর্বে গৃহীত অর্থের সমন্বয় না করা পর্যন্ত প্রবর্তী কিস্তির অর্থ প্রদান করা যাবে না।
- খ) প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ দুই কিস্তিতে প্রদান করা হবে। ১ম কিস্তিতে অনুমোদিত বাজেটের ৬০% এবং ২য় কিস্তিতে অবশিষ্ট ৪০% অর্থ ছাড় করা হবে। গবেষণা কমিটি কর্তৃক গবেষণা প্রতিবেদন অনুমোদিত হওয়ার পরই ২য় কিস্তির অর্থ ছাড় করা হবে।
- গ) ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থের সর্বোচ্চ মাত্র ৪০% অর্থ গবেষক/ সহ-গবেষক/ সহযোগী সদস্যগণের সম্মানী হিসেবে ব্যয় করতে পারবেন।
- ঘ) কোন গবেষণায় একাডেমি / সমাজসেবা অধিদফতর বর্তীত গবেষক যুক্ত থাকলে সেক্ষেত্রে একাডেমির পক্ষে নিয়োজিত গবেষণা কর্মকর্তার অনুকূলে অর্থ ছাড় করা হবে।

ষ.৮. গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষকদের (গবেষক/সহ-গবেষক/সহযোগী সদস্য) লিখিত সম্মতি জ্ঞাপনপত্র :

ষ.৮.১ গবেষক/সহ-গবেষক/সহযোগী সদস্য এই মর্মে লিখিত সম্মতি জ্ঞাপন করবেন যে তাঁরা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পের কাজ সম্পাদনের সর্বাঙ্গিক চেষ্টা করবেন। কোন কারণে গবেষণা প্রকল্প অসম্পূর্ণ রেখে গবেষণা প্রকল্প থেকে অব্যহতি নিলে গৃহীত সম্মানী (যদি এইটি করে থাকেন) তা ফেরত প্রদান করবেন।

ষ.৮.২ অনুমোদিত গবেষণা প্রকল্পে নিয়োজিত গবেষকদের পরিবর্তনের ক্ষেত্রে গবেষণা কমিটির অনুমোদন নিতে হবে। কোন কারণে গবেষণা কমিটির সভা আয়োজনে বিলম্ব হলে কমিটির সভাপতির নিকট হতে প্রচলিত বিধি মোতাবেক নথিতে অনুমোদন নিতে হবে।

ষ.৯ প্রকল্পের গৃহীত অর্থের জবাবদিহিতা :

গবেষণা কমিটি কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে কোন গবেষণা প্রকল্পের প্রতিবেদন গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত হয়ে ১০ কপি জমা না দিলে কিংবা গবেষক / প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্পটি পরিত্যাজ্য হলে উক্ত প্রকল্প বাতিল বলে গণ্য করা হবে এবং গৃহীত সমূদয় অর্থ গবেষক / প্রকল্প পরিচালক ফেরত দিতে বাধ্য থাকিবেন। যদি কোন প্রকল্পে ব্যবহার মেটানোর পর অর্থ উদ্বৃত্ত থেকে যায় তবে তা ফেরত প্রদানে সংশ্লিষ্টগণ ফেরত প্রদানে বাধ্য থাকিবেন। গবেষক / প্রকল্প পরিচালক কিংবা অন্য কোন সহকারী বা সহযোগী তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে অসমর্থ হন তাহলে গৃহীত অগ্রিম অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকিবেন।

ষ.১০ অডিট আপন্তি নিষ্পত্তিকরণ :

কোন গবেষণা প্রকল্পের হিসাব সংক্রান্ত অডিট আপন্তি দেখা দিলে গবেষক / প্রকল্প পরিচালক অডিট আপন্তি নিষ্পত্তিকরণের জন্য দায়ী থাকবেন।

ঙ. গবেষণা নীতিমালা প্রয়োগ ও পরিবর্তন :

ঙ.১. একাডেমির বাজস্ব বাজেট দ্বারা পরিচালিত গবেষণা প্রকল্প সমূহ এ পরিপত্র দ্বারা পরিচালিত হবে।

ঙ.২.অন্য কোন উৎস হতে প্রাপ্ত অর্থের মাধ্যমে পরিচালিত গবেষণা এ পরিপত্রের আওতায় আসবে না।

ঙ.৩.সরকার বা প্রশাসনিক মন্ত্রণালয় বা মহাপরিচালক সমাজসেবা অধিদফতরের নির্দেশক্রমে গৃহীত কোন গবেষণার ক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ মহাপরিচালক সমাজসেবা অধিদফতর কর্তৃক অনুমোদিত হবে।

ঙ.৪.সময়ের পরিবর্তন কিংবা উদ্ভূতপরিস্থিতি মোকাবেলায় এ পরিপত্রের পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধনের প্রয়োজন দেখা দিলে গবেষণা কমিটির সুপারিশক্রমে মহাপরিচালক পরিবর্তন করতে পারবেন।

ঙ.৫.পূর্ণাঙ্গ গবেষণা নীতিমালা প্রকাশের পূর্ব পর্যন্ত এ পরিপত্র দ্বারা গবেষণা কার্যক্রম পরিচালিত হবে।

১০/১০/১০/১০/১০/৯

(গাজী মোহাম্মদ নূরুল কবির)

মহাপরিচালক

ফোন: ৯১৩১৯৬৬

ই-মেইল: dg@dss.gov.bd

বিতরণ:

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. পরিচালক, (প্রশাসন ও অর্থ / কার্যক্রম / প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক, (সকল)..... সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, আগারগাঁও, ঢাকা।
৬. উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
(সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. উপপরিচালক, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
৮. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল).....।